# রাশিয়ায় গানপাউডার কারখানায় ভয়াবহ বিস্ফোরণ: নিহত ১১, আহত শতাধিক



সংগৃহীত ছবি

রাশিয়ার রিয়াজান অঞ্চলে একটি গানপাউডার উৎপাদন কারখানায় ভয়াবহ বিস্ফোরণ ঘটেছে। এতে অন্তত ১১ জন নিহত হয়েছেন এবং ১৩০ জনেরও বেশি আহত হয়েছেন। দুর্ঘটনার পরপরই ব্যাপক উদ্ধারকাজ শুরু হয়েছে। বিস্ফোরণের সঠিক কারণ এখনও নিশ্চিত হওয়া যায়নি, তবে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে প্রযুক্তিগত ত্রুটি থেকে এ ঘটনা ঘটতে পারে

রাশিয়ার রাজধানী মস্কোর বাইরে রিয়াজান অঞ্চলে অবস্থিত একটি গানপাউডার (বারুদ) উৎপাদন কারখানায় শনিবার সকালে আকস্মিক বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তীব্রতায় কারখানার একাধিক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয় এবং চারপাশে আগুন ছড়িয়ে পড়ে।

রাশিয়ার জরুরি মন্ত্রণালয়ের তথ্যমতে, এই ঘটনায় অন্তত ১১ জন নিহত এবং ১৩০ জনেরও বেশি মানুষ আহত হয়েছেন। আহতদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে, যাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

স্থানীয় গণমাধ্যম জানিয়েছে, বিস্ফোরণটি এতটাই শক্তিশালী ছিল যে আশপাশের এলাকা কেঁপে ওঠে এবং ধোঁয়ার কুণ্ডলী আকাশে ছড়িয়ে পড়ে। বিস্ফোরণের পর কারখানার ভেতরে আটকে পড়া শ্রমিকদের উদ্ধারে ফায়ার সার্ভিস ও উদ্ধারকর্মীরা অভিযান চালায়।

এখনও বিস্ফোরণের সঠিক কারণ নিশ্চিত না হলেও প্রাথমিক তদন্তে ধারণা করা হচ্ছে, প্রযুক্তিগত ত্রুটি অথবা নিরাপত্তা ব্যবস্থা ঘাটতির কারণে এ দুর্ঘটনা ঘটতে পারে। ঘটনাস্থলে নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে এবং বিস্ফোরণের কারণ খতিয়ে দেখতে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।